# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০১.০২২- ৪৪

তারিখঃ ১২/০৩/১৪৩০ বঙ্গাঃ
২৬/০৬/২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব পি এম রুহুল আমিন রাজু (আইডি নং-৮৫১০১৭০০১), কার্য সহকারী, ঢাকা এর পওর বিভাগ-২ বাপাউবো, ঢাকা গত ০১/১০/২০২১ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে তাকে উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, গোড়ানচটবাড়ী, পানি উন্নয়ন শাখা-০১, বাপাউবো, মতিঝিল, ঢাকা এর স্মারক নং-৪৯ তারিখঃ ১৭/১০/২০২১ খ্রিঃ, নং-৫২ তারিখঃ ৩১/১০/২০২১ খ্রিঃ, স্মারক নং-৫৫ তারিখঃ ০৮/১১/২০২১ খ্রিঃ, এর মাধ্যমে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারন দর্শানো সহ ব্যাখ্যা তলব করা হয় এবং সন্তোষজনক জবাব দাখিল পূর্বক পত্র জারির ৭(সাত) দিনের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য বারবার নির্দেশ প্রদান করা সত্ত্বেও কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে তিনি অদ্যাবধি কাজে যোগদান করেনি। এমনকি তিনি তার অবস্থান সম্পর্কে মৌখিক বা লিখিতভাবে সংশ্লিষ্ট দপ্তরকে কোন কিছু অবহিত করেননি। পরবর্তীতে নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা স্মারক নং-পি-৮২৬/১৫৮১ তারিখঃ ১২/১২/২০২১ খ্রিঃ এর মাধ্যমে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা প্রসংগে অত্র শৃঙ্খলা পরিদপ্তরে পত্র প্রেরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। উক্ত পত্র হতে দেখা যায় যে, জনাব পি এম রুহুল আমিন রাজু (আইডি নং-৮৫১০১৭০০১), কার্য সহকারী, ঢাকা এর পওর বিভাগ-২ বাপাউবো, ঢাকা বিগত ০১/১০/২০২১ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার উক্ত অননুমোদিত অনুপস্থিতির বিষয়টি তদন্তের জন্য কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.২৭.০০১.২২-০৮ তারিখঃ ১৮/০১/২০২২ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব পি এম রুহুল আমিন রাজু (আইডি নং-৮৫১০১৭০০১), কার্য সহকারী, ঢাকা এর পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে দীর্ঘদিন অর্থাৎ গত ০১/১০/২০২১ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগটি তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে। তার এরূপ কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ২(১৩) অনুযায়ী পলায়ন এর সামিল।

২। জনাব পি এম রুহুল আমিন রাজু (আইডি নং-৮৫১০১৭০০১), কার্য সহকারী, ঢাকা এর পওর বিভাগ-২ বাপাউবো, ঢাকা-এর উপরোক্ত আচরণ দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামিল এবং যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ এবং উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী তার উপর যে কোন দন্ড আরোপযোগ্য।

৩। এতদপ্রেক্ষিতে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন তার উপর আরোপ করা হবে না উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০১.০২২-১১৭ তারিখঃ ১৪/০৬/২০২২ খ্রিঃ মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগ বিবরনীসহ অভিযোগনামা প্রেরণ করা হয় এবং ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করতে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু তিনি জবাব দাখিল করেননি এবং সময় বৃদ্ধির আবেদনও করেননি। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০১.০২২-১৮৩ তারিখঃ ২০/১২/২০২২ খ্রিঃ মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করেন।

৪। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে তার বিরুদ্ধে গত ০১/১০/২০২১ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক কতর্ব্য কর্মে অবহেলা, অসদাচরণ, ও পলায়নের অভিযোগে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/১০/২০২১ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো'র চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। সে লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/১০/২০২১ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, এ বিষয়ে উক্ত প্রবিধানমালার ৫২(৫) ও ৫২(৬) মোতাবেক

অঃ পৃঃ দ্রঃ

কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। উক্ত নোটিশের সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি প্রেরণ করতঃ ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্যে রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা এবং স্থায়ী ঠিকানায় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। কারণ দর্শানোর নোটিশ প্রেরণের প্রেক্ষিতে উক্ত কর্মচারীর ৭ (সাত) কার্য দিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও তার স্থায়ী ঠিকানায় প্রেরণকৃত কারণ দর্শানোর নোটিশটির খামের উপর ডাক বিভাগ কর্তৃক "মালিক গ্রহণ না করায় ফেরৎ" মন্তব্য সহকারে অত্র দপ্তরে ফেরত আসে এবং তিনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল হতে বিরত থাকেন।

৫। জনাব পি এম রুহুল আমিন রাজু (আইডি নং-৮৫১০১৭০০১) কার্যসহকারী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে বিগত ০১-১০-২০২১ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১-১০-২০২১ খ্রিঃ থেকে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। অতএব উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব পি এম রুহুল আমিন রাজু (আইডি নং-৮৫১০১৭০০১), কার্য সহকারী, ঢাকা এর পওর বিভাগ-২ বাপাউবো, ঢাকা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা - ২০১৩ এর প্রবিধান ৪৯ (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১-১০-২০২১ খ্রিঃ থেকে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৭। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৬/০৬/২০২৩

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২
টেলিফোন নং-৮৮০২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

১. প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা।
৩. পরিচালক কর্মচারী পরিদপ্তর/ মানব সম্পদ পরিদপ্তর/ হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা।
৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৮. উপ-বিভাগীয় প্রকৌশলী, গোড়ানচটবাড়ী পানি উন্নয়ন উপ-বিভাগ-২, বাপাউবো, ঢাকা।
৯. জনাব পি এম রুহুল আমিন রাজু (আইডি নং-৮৫১০১৭০০১), কার্য সহকারী, ঢাকা পওর বিভাগ-২ ,বাপাউবো, ঢাকা/প্রযত্নে
পিতাঃ ইবরাহীম খলিল , গ্রামঃ চরদিঘাইর, ডাকঘরঃ মুক্তির বাজার, থানাঃ ইসলামপুর, জেলাঃ জামালপুর।
১০. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন/অর্থ/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

২৬/০৬/২০২৩

(মোঃ শামীম হোসেন)
উপ-পরিচালক(চঃ দাঃ)
পরিচিতি নম্বরঃ ৬৯১২১১০০১
টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২৩০০৭৯

C:\Users\BWDB\Downloads\Dhaka 2.docx2